# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৫১৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫৩. প্রথম অনুচ্ছেদ - ঝড় তুফানের সময়

بَابٌ فِي الرِّيَاحِ

### আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَفَاتِيحُ الْغَيْبِ خَمْسٌ ثُمَّ قَرَأَ: (إِنَّ اللَّهَ عِنْدَهُ عِلْمُ السَّاعَةِ وَيُنَزِّلُ الْغَيْثَ)
الْآيَة. رَوَاهُ الْبُخَارِيّ

### বাংলা

১৫১৪-[৪] ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার বললেনঃ গায়বের চাবি পাঁচটি। তারপর তিনি এ আয়াতটি তিলাওয়াত করলেন, ’’নিশ্চয়ই আল্লাহ, যাঁর নিকট রয়েছে কিয়ামতের (কিয়ামতের) জ্ঞান। আর তিনিই পাঠান মেঘমালা-বৃষ্টিধারা’’- (সূরাহ্ লুক্বমান ৩১: ৩৪)। (বুখারী)[1]

### ফুটনোট

[1] সহীহ : বুখারী ৪৭৭৮, আহমাদ ৪৭৬৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: বায়যাবী বলেনঃ গায়েব তথা অদৃশ্য এমন বিষয় যা ইন্দ্রিয়শক্তি তাকে জানতে পারে না এবং বুদ্ধির স্বাভাবিকতাও অনুভব করতে পারে না। আর এটা দু’প্রকার এক প্রকারের ক্ষেত্রে কোন দলীল নেই আর এটা আল্লাহর তা‘আলার এ বক্তব্যের অর্থ-

وَعِنْدَهُ مَفَاتِحُ الْغَيْبِ لَا يَعْلَمُهَا إِلَّا هُوَ

‘‘তাঁর কাছেই অদৃশ্য জগতের চাবি রয়েছে। এগুলো তিনি ব্যতীত কেউ জানে না।’’ (সূরাহ্ আল আন্‘আম ৬ :

৫৯)

আর দ্বিতীয় প্রকার হল যার স্বপক্ষে আকলী ও নাকলী দলীল রয়েছে যেমন প্রস্তুতকারী তার বৈশিষ্ট্য। ক্বিয়ামাত (কিয়ামত) দিবস ও তাঁর চিত্র ইত্যাদি আর এটা এ আয়াত يُؤْمِنُونَ بِالْغَيْبِ অর্থাৎ অদৃশ্য বিষয়ের উপর বিশ্বাস স্থাপন করে। (সূরাহ্ আল বাক্বারাহ্ ২ : ৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56074

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন